



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩



স্মারক নং-খুপ্রবি/শিক্ষা/১৬২৬

তারিখ ০৭/১১/২০২১ইং।

ভর্তি বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রামে (এম.এস.সি. ইঞ্জিঃ/এমইউআরপি/এম.এস.সি./এম.ফিল ও পি-এইচ.ডি) ২০২২ শিক্ষাবর্ষের জানুয়ারী সেমিস্টারে সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট, এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং, আরবান এন্ড রিজিওনাল প্লানিং, লেদার ইঞ্জিনিয়ারিং, গণিত, রসায়ন এবং পদার্থ বিজ্ঞান বিভাগে Online এর মাধ্যমে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। আবেদনের জন্য প্রার্থীর যোগ্যতাঃ

- পি-এইচ.ডি প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে এম. ইঞ্জিনিয়ারিং/এম.এস.সি. ইঞ্জিনিয়ারিং/এমইউআরপি/৪ বছরের বি.এস-সি (সম্মান)সহ এম.এস.সি/এম.ফিল বা এর সমতুল্য ডিগ্রীতে কমপক্ষে CGPA 3.00 (Out of 4.00) থাকতে হবে এবং বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং অথবা সমতুল্য ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.75 (Out of 4.00) থাকতে হবে।
- এম.এস.সি. ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে বি.এস-সি ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য ডিগ্রী থাকতে হবে। প্রার্থীর অবশ্যই বি.এস-সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.75 (Out of 4.00) এবং এস.এস-সি ও এইচ.এস-সি তে CGPA 3.50 (Out of 5.00) অথবা, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য পরীক্ষায় CGPA 3.00 (Out of 4.00) থাকতে হবে।
- এমইউআরপি প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে বিইউআরপি বা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে। প্রার্থীর অবশ্যই বিইউআরপি ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.75 (Out of 4.00) এবং এস.এস-সি ও এইচ.এস-সি তে CGPA 3.50 (Out of 5.00) অথবা, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য পরীক্ষায় CGPA 3.00 (Out of 4.00) থাকতে হবে।
- এম.এস-সি প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে গণিত, রসায়ন ও পদার্থ বিজ্ঞান বিষয়ে ৪ বছরের বি.এস-সি (সম্মান) বা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে। প্রার্থীর অবশ্যই ৪ বছরের বি.এস-সি (সম্মান) ডিগ্রীতে কমপক্ষে CGPA 2.75 (Out of 4.00) এবং এস.এস-সি ও এইচ.এস-সি তে CGPA 3.50 (Out of 5.00) অথবা, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং বা সমতুল্য পরীক্ষায় CGPA 3.00 (Out of 4.00) থাকতে হবে।
- এম.ফিল প্রোগ্রামে ভর্তির জন্য প্রার্থীর কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয় হতে গণিত, রসায়ন ও পদার্থ বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর বা এর সমতুল্য ডিগ্রী থাকতে হবে। প্রার্থীর অবশ্যই বি.এস-সি (সম্মান/পাস) এবং এম. এস-সি উভয় ডিগ্রীতে কমপক্ষে ২য় শ্রেণী/ CGPA 2.75 (Out of 4.00) থাকতে হবে।

২। ভর্তি সংক্রান্ত সময় সূচীঃ

ক)	অনলাইনে আবেদন ফরম পূরণ ও Submission শুরু	১০/১১/২০২১ইং
	অনলাইনে আবেদন ফরম পূরণ ও Submission শেষ	২৫/১১/২০২১ইং (বিকাল ৫.০০ টা)
খ)	টাকা জমা দেয়ার শেষ তারিখ	২৫/১১/২০২১ইং (বিকাল ৫.০০ টা)
গ)	ভর্তির পরীক্ষার তারিখ ও সময়	০২/১২/২০২১ইং (পরীক্ষার সময় পরবর্তীতে জানানো হবে।)
ঘ)	ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ	১২/১২/২০২১ইং

৩। শুধুমাত্র পূর্ণকালীন ছাত্র/ছাত্রীগণ নিয়মানুযায়ী ফেলোশীপ/টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ (Fellowship/Teaching Assistantship) এর জন্য আবেদন করতে পারবে। সেক্ষেত্রে প্রার্থীকে ভর্তির পর পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) এর কার্যালয় থেকে টিচিং এ্যাসিস্ট্যান্টশীপ ফরম সংগ্রহ করতে হবে।

৪। অনলাইনের মাধ্যমে আবেদন ফি বাবদ ৫০০/- টাকা পরিশোধ করতে হবে। বিস্তারিত ওয়েবসাইট থেকে জানা যাবে।

৫। Online- এ আবেদনের সময় নিম্ন বর্ণিত কাগজপত্র সমূহ ১টি Zip File আকারে Submit করতে হবে।

(i) শিক্ষাগত যোগ্যতার সকল মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/শ্রেডশীট এর Scan কপি।

(ii) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/প্রভিশনাল সার্টিফিকেট এর Scan কপি।

*** উপরোক্ত কাগজপত্রসমূহ Zip File আকারে ২৫/১১/২০২১ইং তারিখ এর মধ্যে Submit করতে ব্যর্থ হলে আবেদনপত্র অসম্পূর্ণ বলে গণ্য হবে।

৬। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭। ভর্তি সংক্রান্ত সকল তথ্যাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এ (<http://admission.kuet.ac.bd/pgadm>) বিস্তারিত পাওয়া যাবে এবং Online Form পূরণ করার ক্ষেত্রে কোন সমস্যার সম্মুখীন হলে ইঞ্জি. মোঃ নাজিম উদ্দিন (e-mail: nazim@iict.kuet.ac.bd) এবং Payment এর ক্ষেত্রে কোন সমস্যা হলে ইঞ্জি. মোঃ সিদ্দিকুর রহমান তানভীর (e-mail: tanveer@kuet.ac.bd) এর সাথে অফিস চলাকালীন (সকাল ৯-০০ থেকে বিকাল ৫-০০ টা পর্যন্ত) যোগাযোগ করা যাবে।

ওয়েবসাইট : <http://admission.kuet.ac.bd/pgadm>

স্বাক্ষরিত/-

০৭/১১/২০২১

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়